

# বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন  
বাংলাদেশ টেলিভিশনের ২য় শ্রেণির  
(১০ম গ্রেড) 'উপসহকারী প্রকৌশলী/  
স্টুডিও যন্ত্রবিদ' পদে লিখিত পরীক্ষা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর  
ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

নথি নম্বর- ৮০.০০.০০০০.১০২.০১১.১০.২১-৩৩৩

তারিখ: ১৬ কার্তিক ১৪৩০  
০১ নভেম্বর ২০২৩

## বিজ্ঞপ্তি

বিষয় : তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশনের ২য় শ্রেণির (১০ম গ্রেড) 'উপসহকারী প্রকৌশলী/স্টুডিও যন্ত্রবিদ' পদে ০৪ ঘণ্টাব্যাপী লিখিত পরীক্ষা গ্রহণ।

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশনের ২য় শ্রেণির (১০ম গ্রেড) 'উপসহকারী প্রকৌশলী/স্টুডিও যন্ত্রবিদ' পদে প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি, কেন্দ্র এবং নির্দেশাবলি নিম্নে দেয়া হলোঃ


পদের নাম, দপ্তর বিজ্ঞপ্তির তারিখ ও নম্বর	পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার কেন্দ্র	প্রার্থীর সংখ্যা
১	২	৩	৪
উপসহকারী প্রকৌশলী/স্টুডিও যন্ত্রবিদ বাংলাদেশ টেলিভিশন (২৩.১২.২০২১, ক্রমিক নং-১৯৪)	২২ নভেম্বর ২০২৩ (বুধবার) সকাল- ১১.০০টা হতে বিকাল- ৩.০০ টা পর্যন্ত	৭১ মিলনায়তন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭	১০২ জন

### পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলি:

- উল্লিখিত পদে অনলাইনে রেজিস্ট্রেশনকারী প্রার্থীদের কমিশনের ওয়েবসাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) অথবা বাংলাদেশ টেলিটক লিমিটেড এর ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে প্রবেশপত্র ডাউনলোড করে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘণ্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।
- প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে উত্তরপত্রে ফ্লুইড লাগালে প্রার্থিতা বাতিল হবে।
- হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি এবং স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ভুয়া প্রার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, সাইন্টিফিক ক্যালকুলেটর বা কোনরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো প্রার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। তবে সাইন্টিফিক ক্যালকুলেটর বা  $\pi$  জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

০৭. প্রার্থীদেরকে পরীক্ষার হলে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি পৃথক পৃথক উত্তরপত্র প্রদান করা হবে। প্রতিটি উত্তরপত্রে বিষয়ের নাম ও বিষয়কোড অবশ্যই লিখতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। পরীক্ষার্থীগণ কেবল উত্তরপত্রের ১ম অংশের প্রয়োজনীয় ঘরগুলো পূরণ করবেন। উত্তরপত্রের ২য় ও ৩য় অংশে কোন কিছু লিখবেন না, লিখলে উত্তরপত্র বাতিল হবে।
০৮. **উপসহকারী প্রকৌশলী/স্টুডিও যন্ত্রবিদ** পদে প্রার্থীগণকে বাংলা-৪০, ইংরেজী-৪০, সাধারণ জ্ঞান-৪০ এবং সংশ্লিষ্ট টেকনিক্যাল (ইলেকট্রিক্যাল/ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং)- ৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ০৪ ঘন্টাব্যাপী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
০৯. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর (**Substantive**) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
১০. উক্ত পদে সংশ্লিষ্ট প্রার্থীদের স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক মাস্ক পরিহিত অবস্থায় লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
১১. বিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) এ পাওয়া যাবে।



[আবদুল্লাহ আল মামুন]  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)